

বাংলাদেশের উন্নয়ন
শেখ হাসিনার দর্শন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের
কার্যালয়, মণিরামপুর, যশোর
manirampur.jessore.gov.bd



জরুরি

তারিখ: ১৬ মাঘ ১৪২৮

৩০ জানুয়ারি ২০২২

নম্বর ০৫.৪৪.৪১৬১.০০০.১৬.০০২.২০.১৫০

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-মুবিম/ পিডি/ অ.বী.মু.আ.নি.প্র/ম-০১/২য় তালিকা/১১২/১২০, তারিখ: ১৪/১১/২০২১ খ্রি: পত্রের নির্দেশনা মোতাবেক “অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের ২য় পর্যায়ে বীর নির্বাস নির্মাণ” শীর্ষক প্রকল্পের আওতায় মণিরামপুর উপজেলাধীন অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন বরাদ্দের জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। যে সকল শহীদ মুক্তিযোদ্ধা পরিবার/ যুদ্ধাহত মুক্তিযোদ্ধা/ পরিবার, অস্বচ্ছল মুক্তিযোদ্ধা/ পরিবারের সদস্য উক্ত আবাসন বরাদ্দ পেতে আগ্রহী তাদের আবেদনপত্র আগামী ০৬ ই ফেব্রুয়ারি ২০২২ খ্রি: বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরম সংগ্রহ ও পূরণ পূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মণিরামপুর, যশোর/ উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, মণিরামপুর, যশোর বরাবর জমা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আবাসন বরাদ্দের জন্য আবেদনকারীর যোগ্যতা/ শর্তাবলী:

১. অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধার ওয়ারিশগণ যারা আবাসন প্রাপ্তির জন্য আবেদন করবেন সেই বীর মুক্তিযোদ্ধার অনুকূলে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সমন্বিত তালিকায় (ওয়েব সাইটে প্রকাশিত) ভারতীয় তালিকা/ লাল মুক্তিবর্তা/ বেসামরিক গেজেট/ স্বীকৃত অন্যান্য গেজেট/ প্রমণকসহ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চূড়ান্ত তালিকায় নাম অন্তর্ভুক্ত থাকতে হবে।
২. যে সকল অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহীদ/ প্রয়াত বীর মুক্তিযোদ্ধাদের বিধবা স্ত্রী ও সন্তান ইতোপূর্বে এ মন্ত্রণালয় বা কোন সরকারি দপ্তর/ সংস্থা হতে প্লট/ ফ্ল্যাট/ আবাসন বরাদ্দ পায়নি বা আবাসনের জন্য কোন খণ্ড পায়নি তারাই এ প্রকল্পের আওতায় আবাসন প্রাপ্তির যোগ্য হবেন এবং আবেদন করতে পারবেন।
৩. বীর মুক্তিযোদ্ধার একাধিক স্ত্রী/ সন্তানগণের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা নন জুডিশিয়াল স্ট্যাম্প ক্ষমতাপূর্ণ পত্র, উপর্যুক্ত ও নিষ্কন্টক জমি সংক্রান্ত পর্চা কমপক্ষে ১১৩১ বর্গ ফুট (দৈর্ঘ্য ৩৯ ফুট/ প্রস্থ ২৯ ফুট) ও সংশ্লিষ্ট দলিলাদি দাখিল করতে হবে।
৪. বীর মুক্তিযোদ্ধা প্রয়াত হলে আবেদনকারী ও মুক্তিযোদ্ধার সম্পর্ক নির্ণয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৫. বীর মুক্তিযোদ্ধা/ পরিবারের সদস্যগণ গৃহ নির্মাণের জন্য ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণ করে থাকলে তার প্রমাণক যুক্ত করতে হবে।

৬. ইতোপূর্বে প্রথম পর্যায়ে বাছাই পূর্বক প্রেরিত তালিকায় যাদের নাম রয়েছে তাদের পুন:রায় এবং অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধা/ পরিবারের সদস্যদের আবেদন করার প্রয়োজন নেই।

৭. বিশেষভাবে উল্লেখ্য যে, “অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন বরাদ্দ” সংক্রান্ত নীতিমালার ১.২.১ হতে ১.২.৫ ধারা সমূহে বর্ণিত বীর মুক্তিযোদ্ধা/ পরিবার/ ওয়ারিশগণ আবাসন বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্য হবেন।



৩০-১-২০২২

সৈয়দ জাকির হাসান

সভাপতি, অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের
জন্য আবাসন বরাদ্দ সংক্রান্ত উপজেলা
কমিটি ও উপজেলা নির্বাহী অফিসার,
মণিরামপুর, যশোর।

ফোন: ০৪২২৭-৭৮২১০

ইমেইল:

unomanirampur@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, যশোর।

২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মণিরামপুর, যশোর।

৩) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। ইহা মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪) বীর মুক্তিযোদ্ধা....., মণিরামপুর, যশোর।

৫) সদস্য সচিব, অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন বরাদ্দ সংক্রান্ত উপজেলা কমিটি ও উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিস, মণিরামপুর, যশোর

৬) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মণিরামপুর, যশোর (তাঁকে বিজ্ঞপ্তিটি অত্র কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৭) চেয়ারম্যান (সকল),....., ইউনিয়ন পরিষদ, মণিরামপুর, যশোর।

৮) সচিব (সকল),....., ইউনিয়ন পরিষদ, মণিরামপুর, যশোর। (তাকে ইউনিয়নধীন সকল বীর মুক্তিযোদ্ধা/ পরিবারের নিকট বিজ্ঞপ্তি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)